

## বিজ্ঞান চর্চা ও গবেষণা বাড়াতে হবে - শিক্ষামন্ত্রী

ঢাকা, ১৮ জানুয়ারি ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিজ্ঞানের চর্চা আরো বাড়াতে হবে। বিজ্ঞান চর্চার মাধ্যমে বিজ্ঞানী, গবেষক ও প্রযুক্তিবিদ তৈরি করতে হবে। বাংলাদেশ শুধু জ্ঞান ও প্রযুক্তি আমদানিই করবে না, জ্ঞান ও প্রযুক্তি রপ্তানিতেও সক্ষমতা অর্জন করতে হবে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর তেজগাঁওয়ে সরকারি বিজ্ঞান কলেজের বার্ষিক পুরস্কার বিতরণ ও মেধাবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, বিজ্ঞান চর্চার জন্য ভাল প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে। সরকারি বিজ্ঞান কলেজকে ভাল বিজ্ঞান শিক্ষার কলেজ হিসেবে গড়ে তোলা হবে। এখানে বিজ্ঞান শিক্ষার ভিত্তি তৈরি হবে। তিনি বলেন, এ কলেজকে ব্যতিক্রমী কলেজ হিসেবে গড়ে তোলা হবে। এখান থেকেই উন্নতমানের বিজ্ঞান শিক্ষা, বিজ্ঞান চর্চা এবং বিজ্ঞান গবেষণা শুরু হবে।

কলেজের অধ্যক্ষ বনমালী মোহন ভট্টাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর মো. মাহাবুবুর রহমান এবং কলেজের উপাধ্যক্ষ ড. মো. হারুন-অর-রশিদ বক্তৃতা করেন।

পরে শিক্ষামন্ত্রী কলেজের সাহিত্য-সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।